# Vergon®

## Prochlorperazine

**Description:** Prochlorperazine (**Vergon**®) is a potent phenothiazine antipsychotic agent, that is widely used in nausea, vomiting and vertigo.

**Mode of action:** Prochlorperazine (**Vergon**®) is a dopamine and histamine antagonist. The mechanism of anti-emetic is due to predominantly to blockade of the histamine $H_1$ and dopamine $D_2$ neurotransmitter receptors in the chemoreceptor trigger zone and vomiting center. It also has weak anti-cholinergic effect and prevents acid reflux by increasing the tone of the lower esophageal sphincter.

**Pharmacokinetics:** There is little information about blood levels, distribution and excretion in humans. The rate of metabolism and excretion of phenothiazines decreases in old age.

**Composition: Vergon® Tablet:** Each tablet contains Prochlorperazine Maleate BP 5 mg.
**Vergon® Injection:** Each ml ampoule contains Prochlorperazine Mesilate BP 12.5 mg.
**Vergon® 50 ml Syrup:** Each 5 ml contains Prochlorperazine Mesilate BP 5 mg.

**Indications:** In the treatment of migraine, nausea, vomiting, vertigo and meniere's syndrome, adjunct in the short-time management of anxiety, schizophrenia and other psychotic disorders and also as a day-time tranquilizer.

**Dosage & administration:** Oral: Adult: For the treatment of nausea and vomiting from a variety of cause, initially 20 mg, if required 10 mg after 2 hours. Prevention of nausea and vomiting, 5-10 mg 2-3 times daily. Child (above 10 kg): 250 mcg/kg 2-3 times daily. In minor mental disturbances, 5-20 mg daily in divided doses (maximum 40 mg/day).
Deep IM Injection: Adult: Nausea and vomiting, 12.5 mg when required, followed by oral dose after 6 hours.

**Contraindications:** Patients hypersensitive to phenothiazine derivatives and extrapyramidal syndrome.

**Side effects:** Transient drowsiness, dryness of mouth may occur occasionally in the initial dosage. Very rarely mild skin rashes are reported.

**Use in pregnancy & lactation:** Safety of the use of prochlorperazine during pregnancy has not been established. USFDA Pregnancy category C.

**Precautions:** The daily dose of this drug should not exceed 40 mg. For long-term treatment an antidote drug should be used concomitantly.

**Drug interactions:** The CNS depressant action of neuroleptic agent may be intensified by alcohol, barbiturates, and others sedatives. Some drugs like antacids, anti-parkinsons drug, lithium, interfere with absorption of prochlorperazine. Prochlorperazine increases or decreases the plasma concentrations of a number of drugs, e.g. propranolol, phenobarbitone.

**Overdosage**: Drowsiness or loss of consciousness, hypotension, tachycardia, ECG changes, ventricular arrhythmias and hypothermia. Severe extrapyramidal dyskinesias may occur.

**Storage:** Store in a cool (Below 25˚C temperature) and dry place protected from light.

**Packaging**
**Vergon® Tablet:** Each carton contains 40X17 tablets in blister pack.
**Vergon® Injection:** Each carton contains 5X10 ampoules in blister pack.
**Vergon® 50 ml Syrup:** Each carton contains a glass bottle having 50 ml syrup with measuring spoon and dropper.

# ভারগন®

## প্রোক্লোরপেরাজিন

**বিবরণ:** প্রোক্লোরপেরাজিন (**ভারগন**®) একটি অত্যন্ত কার্যকর ফেনোথায়াজিন গ্রুপের এন্টিসাইকোটিক ওষুধ, যা বমিরোধী হিসেবে এবং মাথা ঘোরার চিকিৎসায় বহুলভাবে ব্যবহৃত।

**কার্যপদ্ধতি:** প্রোক্লোরপেরাজিন (**ভারগন**®) একটি ডোপামিন ও হিস্টামিনরোধী ওষুধ। প্রধানতঃ কেমো-রিসেপ্টর ট্রিগ্রার জোন এবং বমি উদ্দীপক কেন্দ্রে হিস্টামিন এইচ১ এবং ডোপামিন ডি২ রিসেপ্টরে বাধা প্রদানের মাধ্যমে এটি বমিরোধী কার্যকারিতা প্রদর্শন করে। এর দুর্বল এন্টিকোলিনার্জিক ক্রিয়ার ফলে ইসোফ্যাগাসের নিম্নস্থানে স্ফিংটারের কার্যকারিতা বেড়ে যায় এবং এসিডের উদ্‌গীরণ রোধ হয়।

**ওষুধের উপর শরীরের ক্রিয়া (ফার্মাকোকাইনেটিক্স):** মানবদেহে প্রোক্লোরপেরাজিন -এর রক্তে মাত্রা, বিস্তৃতি এবং রেচন সংক্রান্ত তেমন কোন উপাত্ত জানা নেই। ফেনোথায়াজিন -এর বিপাক এবং রেচনের হার বয়সের সাথে সাথে কমতে থাকে।

**উপাদান: ভারগন® ট্যাবলেট:** প্রতিটি ট্যাবলেটে আছে প্রোক্লোরপেরাজিন মেলিয়েট বিপি ৫ মিগ্রা।
**ভারগন® ইনজেকশন:** প্রতি ১ মিলি এ্যাম্পুলে আছে প্রোক্লোরপেরাজিন মিসাইলেট বিপি ১২.৫ মিগ্রা।
**ভারগন® ৫০ মিলি সিরাপ:** প্রতি ৫ মিলি সিরাপে আছে প্রোক্লোরপেরাজিন মিসাইলেট বিপি ৫ মিগ্রা।

**নির্দেশনা:** মাইগ্রেন, বমি-বমি ভাব, বমি, ভার্টিগো ও ম্যানিয়ারস সিনড্রোম, দুশ্চিন্তার স্বল্পকালীন সহ-চিকিৎসায়, সিজোফ্রেনিয়া এবং অন্যান্য মনোরোগ ও দিনের বেলায় ব্যবহারকারী ট্রাংকুলাইজার হিসেবে ব্যবহৃত হয়।

**মাত্রা ও প্রয়োগ:** মুখে সেবনের জন্যঃ প্রাপ্তবয়স্কঃ যে কোন কারণে বমি বমি ভাব ও বমি হলে, প্রাথমিকভাবে ২০ মিগ্রা, প্রয়োজনে ২ ঘন্টা পর আরো ১০ মিগ্রা সেব্য। বমি বমি ভাব ও বমি প্রতিরোধে ৫-১০ মিগ্রা দিনে ২-৩ বার সেব্য। শিশু (১০ কেজির উর্দ্ধে)ঃ প্রতিকেজি দৈহিক ওজন হিসেবে ২৫০ মাইক্রোগ্রাম দিনে ২-৩ বার সেব্য। মৃদু মানসিক সমস্যায় দৈনিক ৫-২০ মিগ্রা বিভক্ত মাত্রায় (সর্বোচ্চ দৈনিক ৪০ মিগ্রা) সেব্য।
মাংসপেশীর গভীরে ইনজেকশন হিসেবেঃ বমি বমি ভাব ও বমি হলে ১২.৫ মিগ্রা; প্রয়োজনে ৬ ঘন্টা পর পর মুখে সেবন করা যেতে পারে। শিশুদের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

**বিরুদ্ধ ব্যবহার** *(যেসব ক্ষেত্রে ব্যবহার করা যাবে না):* ফেনোথায়াজিন জাতীয় ওষুধের প্রতি অতিসংবেদনশীলতায় এবং এক্সট্রাপিরামিডাল সিনড্রোমে এ ওষুধ ব্যবহার নিষিদ্ধ।

**পার্শ্বপ্রতিক্রিয়া:** প্রারম্ভিক মাত্রায় ওষুধটি সেবনের ফলে কখনো কখনো ঝিমুনি ও গলা শুকিয়ে যেতে পারে। অতি অল্প সংখ্যক ক্ষেত্রে ত্বকে মৃদু লাল আভা দেখা দেয়ার কথা জানা গেছে।

**গর্ভাবস্থা ও স্তন্যদানকালে ব্যবহার:** গর্ভাবস্থায় ও স্তন্যদানকালীন তেমন ক্ষতিকর ভূমিকার কথা জানা যায়নি। ইউএসএফডিএ গর্ভকালীন ধাপ সি।

**সতর্কতা:** ওষুধের দৈনিক মাত্রা ৪০ মিগ্রা -এর বেশি হওয়া উচিত নয়। দীর্ঘকালীন চিকিৎসায় এই ওষুধের সাথে একটি এন্টিডোট ব্যবহার করতে হবে।

**অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া:** একই সাথে সেবনে অ্যালকোহল, বারবিচুরেট্স্ এবং অন্যান্য ঘুমের ওষুধ কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের নিস্তেজ করার প্রবনতাকে বাড়িয়ে দেয়। এন্টাসিড, পারকিনসন্স বিরোধী ওষুধ, লিথিয়াম, প্রোক্লোরপেরাজিন -এর শোষণের ব্যঘাত ঘটায়। এটি প্রোপ্রানোলোল ও ফেনোবারবিটোন -এর প্লাজমা ঘনত্ব বাড়ায় বা কমায়।

**মাত্রাধিক্য:** মাত্রাতিরিক্ত সেবনের ফলে নিম্ন রক্তচাপ, অচেতন হয়ে যাওয়া, দ্রুত হৃদস্পন্দন, ইসিজি পরিবর্তন, ভেন্ট্রিকুলার অ্যারিদ্‌মিয়া এবং শরীরের তাপমাত্রা কমে যেতে পারে। মারাত্মকভাবে এক্সট্রাপিরামিডাল ডিস্‌কাইনেশিয়া-ও কখনো কখনো হতে পারে।

**সংরক্ষণ:** আলো থেকে দূরে ঠান্ডা (২৫˚সে. এর নীচে) ও শুষ্কস্থানে রাখুন।

**উপস্থাপনা**
**ভারগন® ট্যাবলেট:** প্রতি কার্টনে ব্লিস্টার প্যাকে রয়েছে ৪০×১৭ ট্যাবলেট।
**ভারগন® ইনজেকশন:** প্রতি কার্টনে ব্লিস্টার প্যাকে রয়েছে ৫×১০ এ্যাম্পুল।
**ভারগন® ৫০ মিলি সিরাপ:** প্রতি কার্টনে রয়েছে ৫০ মিলি সিরাপ কাচের বোতলে এবং সাথে পরিমাপক চামচ ও ড্রপার।

656-01

Opsonin Pharma
Ideas for healthcare

*Manufactured by*
**Opsonin Pharma Limited**
Rupatali, Barishal, Bangladesh.
® Registered Trade Mark.